# PILANI INVESTMENT AND INDUSTRIES CORPORATION LIMITED

CIN : L24131WB1948PLC095302

REGD. OFFICE : BIRLA BUILDING, 9/1, R. N. MUKHERJEE ROAD, KOLKATA-700001

Email : pilani@pilaniinvestment.com, TELEPHONE : 033 4082 3700 / 2220 0600, Website : www.pilaniinvestment.com


9th February, 2026

The Manager,
Listing Department
National Stock Exchange of India Ltd.
“Exchange Plaza”, Plot No. C/1, G Block
Bandra Kurla Complex, Bandra (East)
Mumbai – 400 051

The Manager (Listing)
BSE Ltd.
Phiroze Jeejeebhoy Towers
Dalal Street,
Mumbai-400 001

**Sub: Newspaper Publication**

**Ref: Scrip Code: NSE: PILANIINVS :: BSE: 539883:: ISIN: INE417C01014**

Dear Sir,

Pursuant to Regulation 47 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed herewith the extracts of newspaper publication of the Unaudited Standalone and Consolidated Financial Results of the Company for the quarter and nine months ended 31st December, 2025 which was approved by the Board of Directors of the Company at its meeting held on 7th February, 2026, and published today i.e. 9th February, 2026 in the following newspapers:

(i) Financial Express (English)
(ii) Aajkal (Bengali)

The copies of the aforesaid are also being made available on the Company’s website www.pilaniinvestment.com.

You are kindly requested to take the same on record.

Thanking you,

Yours faithfully,
**For Pilani Investment and Industries Corporation Limited**

Rajkumar Singh Kashyap

Digitally signed by Rajkumar Singh Kashyap
DN: cn=Rajkumar Singh Kashyap c=IN o=Personal
Reason:
Location:
Date: 2026-02-09 12:09+05:30

**Company Secretary**

*Encl: As above*

sions like on tariff liberalisation and the time given for liberalisation from 70% to 80% tariff lines.

The discussions are also focussing on how to improve Rules of Origin (ROO) by making them product-specific. At present the AITIGA has a provision of a uniform 35% local value addition requirement across all product categories to qualify for trade on preferential duties.

Malaysia chairs the AITIGA negotiations from the ASEAN side. AITIGA came into effect in January 2010. In 2009–10, India's exports to Asean stood at $18.11 billion and imports at $25.79 billion. By 2024–25, exports grew to $38.96 billion, but imports ballooned to $84.15 billion. India is seeking to address the deficit and market access issues in the review. The review started in 2021 after Asean finally agreed to the review in 2019.

Product specific ROO will make more products eligible for trade on concessional tariffs. It will open markets for newer items like electronics where global supply chains are diversified and local value addition is low in percentage terms.

AITIGA covers the liberalization of over 90% of total tariff lines traded between the two sides. Out of approximately 12,169 tariff lines, roughly 10,872 lines have seen some form of tariff reduction or elimination. ■

Place : Kanpur
Date : 07th February, 2026


# PILANI INVESTMENT AND INDUSTRIES CORPORATION LIMITED

**CIN - L24131WB1948PLC095302; Website: www.pilaniinvestment.com; Email: pilani@pilaniinvestment.com**
**Registered Office: Birla Building, 9/1, R.N. Mukherjee Road Kolkata-700 001 ; Tel.: 033 40823700/22200600**

## AN EXTRACT OF THE STANDALONE AND CONSOLIDATED UNAUDITED FINANCIAL RESULTS FOR QUARTER AND NINE MONTHS ENDED 31ST DECEMBER, 2025

**(Rs. in Lakhs except per share data)**

| Particulars | Standalone | | | | | Consolidated | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Quarter Ended | | Nine Months Ended | | Year Ended | Quarter Ended | | Nine Months Ended | | Year Ended |
| | 31-Dec-25 | 31-Dec-24 | 31-Dec-25 | 31-Dec-24 | 31-Mar-25 | 31-Dec-25 | 31-Dec-24 | 31-Dec-25 | 31-Dec-24 | 31-Mar-25 |
| | (Unaudited) | (Unaudited) | (Unaudited) | (Unaudited) | (Audited) | (Unaudited) | (Unaudited) | (Unaudited) | (Unaudited) | (Audited) |
| Total Revenue from Operations | 5,878.54 | 6,086.23 | 24,472.86 | 26,323.18 | 31,826.80 | 5,960.32 | 6,093.57 | 23,876.57 | 24,551.36 | 30,214.12 |
| Net Profit for the period (before Tax and Exceptional items) | 1,311.78 | 3,707.95 | 9,535.36 | 19,790.99 | 22,170.55 | 1,329.73 | 3,713.39 | 8,871.62 | 18,012.73 | 20,449.16 |
| Net Profit for the period (before Tax after Exceptional items) | 1,311.78 | 3,707.95 | 9,535.36 | 19,790.99 | 22,170.55 | 1,329.73 | 3,713.39 | 8,871.62 | 18,012.73 | 20,449.16 |
| Net Profit for the period (after Tax after Exceptional items) | 971.43 | 2,676.24 | 7,104.56 | 15,153.46 | 16,940.61 | 985.71 | 2,680.54 | 6,422.56 | 13,358.13 | 15,187.70 |
| Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 58,876.01 | (1,49,248.99) | 1,64,426.81 | 1,08,082.14 | 1,43,962.14 | 55,737.92 | (1,50,193.99) | 1,58,539.54 | 1,10,512.72 | 1,39,310.57 |
| Paid-Up Equity Share Capital (Face Value of Rs. 10 each) | 1,107.23 | 1,107.23 | 1,107.23 | 1,107.23 | 1,107.23 | 1,107.23 | 1,107.23 | 1,107.23 | 1,107.23 | 1,107.23 |
| Other Equity | | | | | 15,06,738.54 | | | | | 15,96,901.44 |
| Earnings per Share of Rs. 10 each (not annualised) | | | | | | | | | | |
| (a) Basic - (Rs.) | 8.77 | 24.17 | 64.17 | 136.86 | 153.00 | (13.00) | 12.07 | 23.76 | 111.61 | 88.95 |
| (b) Diluted - (Rs.) | 8.77 | 24.17 | 64.17 | 136.86 | 153.00 | (13.00) | 12.07 | 23.76 | 111.61 | 88.95 |

**Note :**

1 The above is an extract of the detailed format of Standalone and Consolidated Unaudited Financial Results filed with Stock Exchange(s) under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Standalone and Consolidated Unaudited Financial Results are available on the Stock Exchanges' websites, **www.bseindia.com** and **www.nseindia.com** and on the Company's website **www.pilaniinvestment.com** The same can also be accessed by scanning the QR Code provided below:

**For and on behalf of the Board of Directors of**
**Pilani Investment and Industries Corporation Limited**
Sd/-
**Devendra Kumar Mantri**
**Director**
**DIN: 00075664**

Place : Kolkata
Date : February 7, 2026

### সন্তোষ চ্যাম্পিয়ন সার্ভিসেস

সন্তোষ ট্রফিতে চ্যাম্পিয়ন সার্ভিসেস। রবিবার অসমের ঢাকুয়াখানা স্টেডিয়ামে ফাইনালে কেরলকে ১–০ হারাল সেনাবাহিনীর দলটি। নির্ধারিত সময়ের শেষে ম্যাচ ছিল গোলশূন্য। অতিরিক্ত সময়ে অভিষেক পাওয়ারের গোলে চ্যাম্পিয়ন সার্ভিসেস। এই নিয়ে আটবার সন্তোষ জিতল তারা।

# সুদীপের দ্বিশতরানে সেমির গন্ধ

**অরিত্র বসু**
কল্যাণী, ৮ ফেব্রুয়ারি

শনিবারের সকাল দেখেছিল, শুরুতেই তিন উইকেট হারিয়ে অন্ধ্রপ্রদেশের বিরুদ্ধে কোয়ার্টার ফাইনালে বাংলার ব্যাকফুটে চলে যাওয়া। গল্পটা যে এত সহজে শেষ হওয়ার নয়, দিনের শেষে তার ইঙ্গিত দিয়ে রেখেছিলেন সুদীপ ঘরামি। কল্যাণীর বেঙ্গল ক্রিকেট অ্যাকাডেমির মাঠে রবিবার খেলার তৃতীয় দিনে তিনি কেরিয়ারের প্রথম দ্বিশতরান করে বাংলাকে শুধু বিপন্মুক্ত করলেন না, নীতীশ কুমার রেড্ডিদের প্রথম ইনিংসে তোলা ২৯৫ টপকে নিজের দলকে ১২৩ রানের লিডও এনে দিলেন। অপরাজিত রইলেন ২১৬ রানে। তাঁর সঙ্গে ৪৫ রানে অপরাজিত রয়েছেন শাকির হাবিব গান্ধী। দিনভর বুক চিতিয়ে লড়াইয়ের পর ৮১ রানে আউট হয়ে শতরান ফেলে এলেন সুমন্ত গুপ্ত। অনবদ্য ব্যাটিং পারফরমেন্সে ভর করে সেমিফাইনালের রাস্তা অনেকটাই সহজ করল বাংলা। বড়সড় কোনও দুর্ঘটনা ছাড়া বাংলার শেষ চারে যাওয়া কার্যত নিশ্চিত।

শনিবার ১৯৯/৫ স্কোরে স্টাম্পসে যাওয়া বাংলার সেমিফাইনালে ওঠা নির্ভর করছিল রবিবারের প্রথম সেশনে। ম্যাচের ভবিষ্যৎ প্রথম ইনিংসের স্কোরে নির্ধারিত হলে বাংলাকে সেক্ষেত্রে আরও ৯৬ রান যোগ করতে হত। সকালের উইকেটকে কাজে লাগিয়ে সুদীপ–সুমন্ত জুটি ভাঙার দিকেই বেশি নজর ছিল অন্ধ্রপ্রদেশের। দিনের শুরুতেই সুমন্তর বিরুদ্ধে লেগ বিফোরের আবেদনে ডিআরএসের পথ বেছে নেয় অন্ধ্র। অদূরে, বাংলা ড্রেসিংরুমে দুশ্চিন্তার মেঘ। আম্পায়ার্স কলে সেই যাত্রায় রক্ষা পান সুমন্ত। এরপর দু'জন ধীরে ধীরে স্কোরবোর্ড এগোতে থাকেন। কার্যত গান পয়েন্টে দাঁড়িয়ে অবিশ্বাস্য ইনিংস উপহার দেন সুদীপ–সুমন্ত। যাবতীয় হারের আশঙ্কার কবরে মাটি দিয়ে লাঞ্চের সময় বাংলা ২৮৮/৫–এ পৌঁছে গেল। দিনের প্রথম সেশন নির্বিঘ্নে কাটিয়ে দিতে পারলেই ব্যাটিং অনেকটা সহজ হয়ে যায় এই উইকেটে। নিজেদের দায়িত্ব পালনে সুদীপ এবং সুমন্ত দু'জনই ফুল মার্কস পেলেন। বাইরের বল তাড়া করার বিন্দুমাত্র ঝোঁক ছিল না তাঁদের।



দ্বিশতরানের পর সুদীপ ঘরামি। কল্যাণীতে রবিবার। ছবি: সিএবি

বিরতির পর অন্ধ্রের রান টপকে যায় বাংলা। ৩১৮ রানের মাথায় ভাঙল জুটি। লেগ স্টাম্পের বাইরের বল ডিফেন্স করতে গিয়ে সিলি পয়েন্টে ক্যাচ দিয়ে বসলেন সুমন্ত। বেশ কিছুদিন ধরে তাঁর কন্যা সন্তান গুরুতর অসুস্থ। হাসপাতালে বিনিদ্র রাত কাটিয়ে এই ম্যাচের আগে মিস করেছিলেন অনুশীলনও। একটা শতরান নিশ্চিতভাবেই পোয়েটিক জাস্টিস দিতে পারত সুমন্তর কয়েকদিনের অব্যক্ত লড়াইকে। দীর্ঘক্ষণের সঙ্গীকে হারিয়ে শাকির হাবিব গান্ধীকে সঙ্গে নিয়ে শুরু হয় সুদীপ ঘরামির নয়া সংগ্রাম। চা–বিরতিতে বাংলার স্কোর ৩৪২/৬। ১৩৬তম ওভারে এল সেই মাহেন্দ্রক্ষণ। প্রথমবার প্রথম শ্রেণির ক্রিকেটে ডাবল সেঞ্চুরি হাঁকালেন সুদীপ। হেলমেট ও গ্লাভস খুলে বল ছোড়ার ইঙ্গিতে বিশেষ সেলিব্রেশনে মাতলেন। জানা গেল, বাংলা দলের থ্রো–ডাউন স্পেশ্যালিস্ট বাহার আলিকে নিজের ক্রিকেট জীবনের প্রথম দ্বিশতরান উৎসর্গ করলেন। হাওড়ায় নিজের বাড়ি থেকে রাত সাড়ে তিনটের সময় বেরিয়ে ভোরবেলা কল্যাণীতে পৌঁছে যান আলি। ঘণ্টার পর ঘণ্টা থ্রো–ডাউন দেন বঙ্গ ক্রিকেটারদের। সুদীপের সেলিব্রেশনে উঠে এল আরও এক লড়াইয়ের গল্প।

শাকির হাবিব গান্ধীর ব্যাটিং নির্ভরতা নিয়ে এতদিন যে দুশ্চিন্তা ছিল, অন্ধ্র ম্যাচের পর তা অনেকটাই কাটল। বাংলাকে আরও বড় স্কোরে পৌঁছে দেওয়ার দায়িত্ব এখন ঘরামির পাশাপাশি গান্ধীরও। চতুর্থ দিনে দলকে এমন জায়গায় পৌঁছে দিতে হবে, যেখান থেকে দ্বিতীয় ইনিংসের স্কোরবোর্ড প্রাসঙ্গিকতা হারায়। সুমন্ত আউট না হলে সারাদিন উইকেটহীন হয়েই মাঠ ছাড়তে হত অন্ধ্রপ্রদেশকে। বাংলা ক্রিকেট জুড়ে এখন শুধু সেমিফাইনালের সম্ভাব্য প্রতিদ্বন্দ্বীর ম্যাচ ঘিরে আগ্রহ বাড়ছে।

**সংক্ষিপ্ত স্কোর**

**তৃতীয় দিনের শেষে: বাংলা ৪১৮/৬ (ঘরামি ২১৬ অপরাজিত, সুমন্ত ৮১, শশীকান্ত ২/৫৯)**

# বৈভবদের অভ্যর্থনা

**আজকালের প্রতিবেদন**

বাণিজ্যনগরী যেন দ্বিধাবিভক্ত। একসঙ্গে দুই ভারত। কোন ভারতকে ছেড়ে কোন ভারতকে নিয়ে মেতে উঠবে? শনিবার মুম্বইয়ে টি২০ বিশ্বকাপ অভিযান শুরু হয় ভারতের। প্রথম ম্যাচে জয়ও এসেছে। কিন্তু রবিবার মুম্বই যেন অপেক্ষায় ছিল অন্য এক ভারতকে বরণ করে নিতে। যে ভারত শুক্রবার রাতে জিম্বাবোয়ের মাটিতে বিশ্বজয়ীর মুকুট ছিনিয়ে নিয়েছে।

কখন ফিরছে বৈভবরা, সকাল থেকে এই নিয়েই মাতোয়ারা ছিল মুম্বইয়ের গণমাধ্যম। এমনকী টি২০ বিশ্বকাপ কভার করতে আসা ভিনদেশি সাংবাদিকদের অনেকে ছুটলেন বিমানবন্দরে। কীভাবে অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপ চ্যাম্পিয়ন ভারতীয় দলকে অভ্যর্থনা জানানো হয়, তার সাক্ষী থাকতে। হুডখোলা বাসে ঘোরানো বা সংবর্ধনার আয়োজন ছিল না। কথা ছিল বিমানবন্দর থেকে যে যাঁর বাড়ির পথে রওনা হবেন। সেটাই হল। বিহারের সমস্তিপুর থেকে যেমন এসেছিলেন বৈভবের বাবা–মা, তেমনই মুম্বইয়ের আয়ুশ মাত্রে, অভিজ্ঞান কুণ্ডুর অভিভাবকদেরও দেখা গেল। সবার চোখ ছিল ১৪ বছরের বৈভব সূর্যবংশীর দিকে। বেরিয়ে এসেই মা–বাবাকে প্রণাম করল ফাইনালে দুরন্ত শতরান করা বৈভব। হাজির মুম্বই–সহ বিভিন্ন ক্রিকেট অ্যাসোসিয়েশনের কর্তারা ছাড়াও জাতীয় পতাকা হাতে হাজির ক্রিকেটপ্রেমী জনতাও। বিশ্বজয়ী দলের জন্য আগেই সাড়ে সাত কোটি টাকা পুরস্কার ঘোষণা করেছে বিসিসিআই। সূত্রের দাবি, বৈভবদের প্রধানমন্ত্রীর বাসভবনেও আনা হতে পারে। বোর্ডের তরফ থেকে থাকবে জমকালো সংবর্ধনাও।



মুম্বই বিমানবন্দরে বৈভব সূর্যবংশী ও আয়ুশ মাত্রে। রবিবার।

# বায়ার্নের বড় জয়, হারল লিভারপুল

**আজকালের প্রতিবেদন:** বুন্দেশলিগায় বড় জয় বায়ার্ন মিউনিখের। রবিবার রাতে হফেনহেমকে ৫–১ উড়িয়ে দিয়েছে জার্মান জায়ান্টরা। হ্যাটট্রিক করেছেন লুই দিয়াজ। জোড়া গোল হ্যারি কেনের। খেলার শুরুতে বিপক্ষের এক ফুটবলার লাল কার্ড দেখায় সুবিধা হয়ে যায় বায়ার্নের। ২০ মিনিটে পেনাল্টি থেকে গোল কেনের। ৩৫ মিনিটে হফেনহেম সমতা ফেরায়। তবে ৪৫ মিনিটে পেনাল্টি থেকে ফের দলকে এগিয়ে দেন কেন। সংযুক্তি সময়ে ৩–১ করলেন দিয়াজ। বিরতির পর তিনি আরও দুটি গোল করে বায়ার্নের বড় ব্যবধানে জয় নিশ্চিত করেন।

অন্যদিকে, ইংলিশ প্রিমিয়ার লিগে আবার হারল লিভারপুল। রবিবার ম্যাঞ্চেস্টার সিটির বিরুদ্ধে এগিয়ে থেকেও ১–২ ব্যবধানে পরাজিত আর্নে স্লটের দল। প্রথমার্ধ ছিল গোলশূন্য। বিরতির পর দু'পক্ষ আক্রমণে ঝাঁপায়। ৭৪ মিনিটে ডমিনিক সোবোজলাই লিভারপুলকে কাঙ্ক্ষিত গোলটি এনে দেন। যদিও সেই গোলে লিভারপুলের কোনও লাভ হয়নি। মিনিট দশেকের ব্যবধানে সমতা ফেরান বার্নার্ডো সিলভা। সংযুক্তি সময়ে চলল বিস্তর নাটক। প্রথমে আর্লিং হালান্ড গোল করে এগিয়ে দেন ম্যান সিটিকে। এরপর লাল কার্ড দেখেন সোবোজলাই। সাত মিনিটের সংযুক্তি সময় গড়ায় ১৫ মিনিটে। তারপর রেফারি খেলা শেষের বাঁশি বাজান।

# ঘরামিদের অভিনন্দন সৌরভের

**অরিত্র বসু**
কল্যাণী, ৮ ফেব্রুয়ারি

তৃতীয় দিনের স্টাম্পসের পর স্বস্তির আবহ তখন বাংলা শিবিরে। হঠাৎই কোচ লক্ষ্মীরতন শুক্লার ফোন বেজে উঠল। ফোনের অন্য প্রান্তে সিএবি সভাপতি সৌরভ গাঙ্গুলি। তারপর লক্ষ্মীকে দেখা গেল ড্রেসিংরুমের দিকে ছুটে যাচ্ছেন। বিরাট কোনও অঘটন না ঘটলে বাংলার শেষ চারে যাওয়া পাকা। যদিও রবিবারের সকাল অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল ম্যাচের প্রেক্ষিতে। এই কঠিন সময় যেভাবে বাংলা বুক চিতিয়ে নীতীশ কুমার রেড্ডিদের যাবতীয় প্রয়াস ব্যর্থ করে দিল, ক্রিকেটারদের এই লড়াইকে কুর্নিশ জানাতেই ফোন সৌরভের। প্রশংসায় ভরিয়ে দিলেন ম্যাচের নায়ক এবং দ্বিশতরানকারী সুদীপ ঘরামিকে। 'দাদা'র প্রশংসা আদায় করে নিলেন সুমন্ত গুপ্ত এবং শাকির হাবিব গান্ধীও।

সৌরভ টেলিফোনে জানান, সারাদিন ম্যাচ দেখেছেন। ২১৬ রানে অপরাজিত থাকা সুদীপকে বলেন, 'দারুণ ইনিংস। ওই পরিস্থিতিতে দাঁড়িয়ে খুব জরুরি ছিল। তবে এখানেই থামলে চলবে না।' সুমন্ত দুর্দান্ত ব্যাট করে ৮১ রানে আউট হয়ে নিশ্চিত সেঞ্চুরি মাঠে ফেলে এলেন। সিএবি সভাপতি সুমন্তর ইনিংসের প্রশংসার পাশাপাশি শতরানের দোরগোড়ায় থমকে যাওয়া ইনিংসগুলিকে আরও দীর্ঘায়িত করার কথা বলেন। ৪৫ রানে ব্যাটিং করা শাকির হাবিবের ইনিংসেরও প্রশংসা করেন সৌরভ।

প্রথম ইনিংসে লিড নেওয়ার পর এখন আপাতত ১২৩ রানে এগিয়ে বাংলা। যদিও ম্যাচে বাংলা যে অনেকটাই সুবিধাজনক জায়গায় রয়েছে, এই বিশ্বাস ড্রেসিংরুমের অন্দরে প্রবেশ করতেই দিচ্ছেন না কোচ লক্ষ্মী, 'সুদীপ মরশুমের সেরা ইনিংস খেলল। সুমন্তের সেঞ্চুরি প্রাপ্য ছিল। তবে ম্যাচে এখনও দু'দিন বাকি। আত্মতুষ্টির কোনও জায়গাই নেই।'

# রনজির শেষ চারে উত্তরাখণ্ড

**আজকালের প্রতিবেদন:** রনজি ট্রফির সেমিফাইনালে উঠল উত্তরাখণ্ড। উত্তরাখণ্ড (৩৭১) ইনিংস ও ৬ রানে জিতল ঝাড়খণ্ডের (২৩৫ ও ১৩০) বিরুদ্ধে। ম্যাচের সেরা উত্তরাখণ্ডের বাঁহাতি স্পিনার মায়াঙ্ক মিশ্র দ্বিতীয় ইনিংসে ৫/২২। অঘটন না ঘটলে জম্মু ও কাশ্মীর (১৯৪ ও ২৪৮) সেমিফাইনালে উঠতে চলেছে। বিপক্ষ মধ্যপ্রদেশ (১৫২ ও ৮৭/৫) হাতে শেষ ৫ উইকেট নিয়ে এখনও ২০৪ রানে পিছিয়ে। মুম্বই (১২০ ও ৩৭৭) ও কর্ণাটক (১৭৩ ও ১১৩/২) লড়াইয়ে যেকোনও দল জিততে পারে। তার জন্য মুম্বইয়ের ৮ উইকেট ও কর্ণাটকের আরও ২১২ রান (লোকেশ রাহুল অপরাজিত ৬০) দরকার।

# রাকিপের কপালে চোট, আট সেলাই

**আজকালের প্রতিবেদন**

রবিবার দুপুরে ইস্টবেঙ্গল মাঠ দেখে মনে হচ্ছিল হয়তো কলকাতা লিগের ম্যাচ শুরু হবে। গ্যালারিতে কয়েক হাজার দর্শক। আইএসএলের আগে শেষ প্রস্তুতি ম্যাচে প্রতিপক্ষ আরেক বড় ক্লাব মহমেডান স্পোর্টিং। ধারেভারে প্রতিপক্ষ দুর্বল হলেও ছুটির দিনে 'ডার্বি' দেখতে লাল–হলুদ তাঁবুতে ভিড় ছিল ভালই। তবে কে জানত, এই প্রস্তুতি ম্যাচেই দু'পক্ষের ফুটবলাররা জড়িয়ে পড়বেন ঝামেলায়? বাধ্য হয়ে লাল কার্ড বার করবেন রেফারি? মাথা ফেটে যাওয়া মহম্মদ রাকিপকে নিয়ে দ্রুত হাসপাতালে ছুটতে হবে?

গিল, রাকিপ, আনোয়ার, লালচুংনুঙ্গা, জয়, বিষ্ণু, সল, রশিদ, মিগেল, বিপিন, ডেভিডকে রেখে দল নামিয়েছিলেন অস্কার। উল্টোদিকে কঠিন প্রতিপক্ষের বিরুদ্ধে নিজের ফুটবলারদের দেখে নিতে চাইছিলেন মহমেডান কোচ মেহরাজউদ্দিন। ম্যাচ শুরুর দু'মিনিটের মধ্যেই ইস্টবেঙ্গলকে এগিয়ে দেন ডেভিড। শুরুতে গোল পেয়ে গেলেও ইস্টবেঙ্গল যে দারুণ ফুটবল খেলেছে, তা নয়। প্রথমার্ধেই রাকিপকে জঘন্য ফাউল করলেন মহমেডানের দীনেশ সিং। প্রস্তুতি ম্যাচ হলেও রেফারি তাঁকে লাল কার্ড দেখান। দু'পক্ষের ফুটবলাররা সাময়িক ঝামেলায় জড়িয়ে পড়েন। মাঠে ঢুকে আসেন দু'দলের কোচ। দেখা যায় রাকিপের কপালে গভীর ক্ষত তৈরি হয়েছে। তাঁকে দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

মাঠের উত্তেজনা ছড়িয়ে পড়ে গ্যালারিতেও। লাল–হলুদ সমর্থকদের সঙ্গে এরিয়ান গ্যালারিতে বসে থাকা মহমেডান সমর্থকদের বাকবিতণ্ডা শুরু হয়। মাঠ থেকেই সমর্থকদের ঝামেলা থামানোর অনুরোধ করতে দেখা যায় ইস্টবেঙ্গলের মহম্মদ রশিদকে। দ্বিতীয়ার্ধে পরিবর্ত হিসেবে নেমে ভাল গোল করলেন নন্দকুমার। তবে ইস্টবেঙ্গল ২–০ জিতলেও প্রশ্ন থাকবে পারফরমেন্স নিয়ে। রাকিপের চোট নিয়েও চিন্তা থেকে গেল।

ম্যাচ শেষে ইস্টবেঙ্গল কোচ অস্কার ব্রুজোন বলেন, 'আমি দলের পারফরমেন্সে খুশি। তবে মহমেডান বেশ ভাল ফুটবল খেলেছে। ইউসেফ ইজেজারিকে প্রাথমিকভাবে নামাব ভাবলেও আরেকটু সময় দিলাম। আর আমার ব্যক্তিগত ধারণা, রাকিপের চোট তেমন গুরুতর নয়।'

সূত্রের খবর, রাকিপের চোটের জায়গায় ৮টি সেলাই পড়েছে। তবে সিটি স্ক্যানে দেখা গেছে তাঁর মুখে আর কোনও বড় আঘাত লাগেনি। প্রথম ম্যাচ তিনি খেলতে পারবেন কি না, তা আর কয়েকদিনে বোঝা যাবে। পিঠে ব্যথা থাকায় মাঠে নামেননি কেভিন সিবিলে। অস্কার আশাবাদী, প্রথম তিনটি ম্যাচের পর পাওয়া যাবে মহেশকে। অন্যদিকে, কিশোরভারতীতে ম্যাচ আয়োজন নিয়ে ইস্টবেঙ্গলের অভ্যন্তরীণ দ্বন্দ্ব কিছুতেই মিটছে না। এদিনও দেবব্রত সরকার পরিষ্কার জানিয়ে দিলেন, যেহেতু সব সদস্য–সমর্থক কিশোরভারতীতে ম্যাচ দেখার সুযোগ পাবেন না, তাই তাঁরাও মাঠে যাবেন না।

# বাগানের প্রথম দুই ম্যাচের টিকিট বিক্রি শুরু

**আজকালের প্রতিবেদন**

প্রতিযোগিতার ঠিক এক সপ্তাহ আগে শনিবার রাতে ইন্ডিয়ান সুপার লিগের সূচি ঘোষণা করেছে ভারতীয় ফুটবল ফেডারেশন। ১৪ ফেব্রুয়ারি লিগের বোধনে কেরালা ব্লাস্টার্সের মুখোমুখি হচ্ছে মোহনবাগান। যুবভারতী ক্রীড়াঙ্গনে বিকেল ৫টায় শুরু হবে সেই ম্যাচ। রবিবার বিকেল থেকে অনলাইনে টিকিট বিক্রি শুরু হয়েছে। পাশাপাশি ২৩ ফেব্রুয়ারি মোহনবাগান বনাম চেন্নাইন এফসি ম্যাচের টিকিটও অনলাইনে ছাড়া হয়েছে। টিকিটের ন্যূনতম দাম ১০০ টাকা। বুধবার অথবা বৃহস্পতিবার থেকে ক্লাবের এবং যুবভারতীর কাউন্টার থেকে অফলাইন টিকিট বিক্রি শুরু হবে।

কলকাতায় মেসি–কাণ্ডের পর যুবভারতীর গ্যালারির পাশাপাশি মাঠেরও ক্ষতি হয়েছিল। সূত্রের খবর, ম্যাচ খেলার জন্য মাঠ তৈরি আছে। উদ্বোধনী ম্যাচের জন্য ৩০–৩৫ হাজার টিকিট ছাড়া হবে বলেও জানা গিয়েছে। গ্যালারির কিছু অংশে এখনও সংস্কারের কাজ বাকি। সেটা ব্যতিরেকে ৫০–৫৫ হাজার সমর্থক স্টেডিয়ামে বসে খেলা দেখতে পারবেন বলেও খবর।

এদিকে, চোট পেয়ে গোটা মরশুমের জন্য ছিটকে যাওয়া আশিস রাইয়ের পরিবর্তে আমে রানাওয়াড়েকে নেওয়ার কথা রবিবার সরকারিভাবে ঘোষণা করল মোহনবাগান। ২৮ বছরের এই সাইডব্যাক আজ, সোমবার অনুশীলনে যোগ দেবেন।

# ডেভিসে জয় ভারতের

**আজকালের প্রতিবেদন:** সুইৎজারল্যান্ডের পর নেদারল্যান্ডস। পরপর দুটি ইউরোপিয়ান টেনিস শক্তিকে হারিয়ে ভারত ডেভিস কাপের ফাইনাল রাউন্ডের দোড়গোড়ায়। নতুন ফরম্যাটের ডেভিস কাপে এখন ৮ দেশের ফাইনাল রাউন্ড হয়। যার যোগ্যতা অর্জনের দ্বিতীয় তথা শেষ রাউন্ডে পা রাখল ভারত। রবিবার বেঙ্গালুরুতে নেদারল্যান্ডসকে ৩–২ ম্যাচে হারিয়ে। আর একটি 'টাই' জিতলেই প্রথমবার আট দেশের ডেভিস কাপ ফাইনালে উঠবে ভারতীয় টেনিস দল।

এদিন ফলাফল ২–২ অবস্থায় শেষ সিঙ্গলসে ভারতীয় টেনিসের নবতম তারকা দক্ষিণেশ্বর সুরেশ স্ট্রেট সেটে ৬–৪, ৭–৬ (৭/৪) হারান গাই ডেন অডেনকে। তার আগে ডাবলসে ইউকি ভাম্বরিকে সঙ্গে নিয়ে ৭–৬ (৭/০), ৩–৬, ৭–৬ (৭/১) গেমে স্যান্ডার আরেন্ডস–ডেভিড পেল জুটির বিরুদ্ধে ভারতকে ২–১ ম্যাচে এগিয়ে দিয়েছিলেন দক্ষিণেশ্বর। কিন্তু রিভার্স সিঙ্গলসের প্রথমটিতে সুমিত নাগাল এক সেট এগিয়েও জেসপার ডে জংয়ের কাছে ৭–৫, ১–৬, ৪–৬ হারায় 'টাই' ২–২ হয়ে যায়। শনিবারও সুমিতের হারে ভারত শুরুতেই ০–১ ম্যাচে পিছিয়ে পড়ার পর দ্বিতীয় সিঙ্গলসে জিতে ১–১ সমতা ফিরিয়েছিলেন দক্ষিণেশ্বর। লিয়েন্ডার পেজের বহু বছর পর ডেভিস কাপে একজন ভারতীয় টেনিস তারকা একটি 'টাই'য়ে সিঙ্গলস–ডাবলস মিলে তিনটি ম্যাচেই জেতার দাপট দেখালেন।


## স্টার পেপার মিলস লিমিটেড

CIN: L21011WB1936PLC008726
রেজিস্টার্ড অফিস: ডনকান হাউস, ফ্লোর নং ২, ৩১, নেতাজি সুভাষ রোড, কলকাতা ৭০০০০১
ফোন: ০৩৩–২২৪২৭৩৮০–৮৩
ই–মেল: star.cal@starpapers.com ওয়েবসাইট: www.starpapers.com

**বিজ্ঞপ্তি**

সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫–এর বিধানাবলী অনুসারে এতদ্দারা বিজ্ঞপ্তি দেওয়া যাচ্ছে যে, ৩১শে ডিসেম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও নয় মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন এবং অন্যান্য বিষয়ের জন্য কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরস–এর একটি সভা **শুক্রবার, ১৩ই ফেব্রুয়ারি, ২০২৬** তারিখে অনুষ্ঠিত হবে।
এই বিজ্ঞপ্তিটি কোম্পানির ওয়েবসাইট (www.starpapers.com) এবং বিএসই লিমিটেড (www.bseindia.com) ও ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড (www.nseindia.com)–এর ওয়েবসাইটেও পাওয়া যাবে।

স্টার পেপার মিলস লিঃ–এর পক্ষে
স্বা/–
সৌরভ অরোরা
(কোম্পানি সেক্রেটারি)

৭ই ফেব্রুয়ারি, ২০২৬
সাহারানপুর (ইউ পি)

## অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড

এসি মার্কেট বিল্ডিং, ৩ নং ফ্লোর, ১, শেক্সপিয়র সরণি, কলকাতা–৭০০০৭১

**পরিশিষ্ট IV [রুল ৮(১) দ্রষ্টব্য] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)**

যেহেতু, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদি আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে লেখা তারিখে নিম্নবর্ণিত বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণকে এতদ্দারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, তৎসহ দাবি বিজ্ঞপ্তির তারিখ থেকে চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদির প্রেক্ষিতে অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
**সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কে সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।**

| ঋণগ্রহীতা/ জামিনদারের নাম এবং ঠিকানা | ক) বিজ্ঞপ্তির তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের (প্রতীকী) তারিখ |
|---|---|
| ১. **মিঃ খলিলুর রহমান মোল্লা** আখড়াতলা, কলুগাছি, চণ্ডীবাড়ি, পোঃঅঃ– জীবনতলা, থানা– মিনাখাঁ, দক্ষিণ ২৪ পরগনা, পিন–৭৪৩৫০২ | ক) **₹১,৪০,৩০৫.৮৪,** লোন অ্যাকাউন্ট নং ৯১৯০৩০০৭২৩৬৮৭৭০–এর প্রেক্ষিতে ১৬.১০.২০২৩ অনুযায়ী বকেয়া (এর মধ্যে ০১.০৫.২০২৩ অবধি সুদ ধরা আছে) এবং **₹৭,৫৫,২৫২.১০,** লোন অ্যাকাউন্ট নং ৯১৯০৩০০৭২৩৬৮৭৫৪–এর প্রেক্ষিতে ১৬.১০.২০২৩ অনুযায়ী বকেয়া (এর মধ্যে ০১.০৫.২০২৩ অবধি সুদ ধরা আছে) খ) **১৭.১০.২০২৩** গ) **০৬.০২.২০২৬ (প্রতীকী)** |

**স্থাবর সম্পত্তির বিবরণ**

সামান্য কমবেশি ৪ ডেসিমেল বাস্তু জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– কলুগাছি, এল আর খতিয়ান নং ১১৩৯, জে এল নং ১, আর এস এবং এল আর দাগ নং ১২৫৩, থানা– জীবনতলা (পূর্বতন ক্যানিং), জেলা– দক্ষিণ ২৪ পরগনা, তৎসহ এর উপরিনির্মিত বাড়ি।

তারিখ: ০৯.০২.২০২৬
স্থান: কলুগাছি

অনুমোদিত আধিকারিক
অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড

## অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড

ঠিকানা: স্পেকট্রাম হাউস, সেবক রোড, শিলিগুড়ি, পিন–৭৩৪৪০১
বিকল্প ঠিকানা: ফার্স্ট ফ্লোর, গুরুদোয়ারা বিল্ডিং, সেবক রোড শাখা, সেবক রোড, শিলিগুড়ি–৭৩৪০০১। ফোন (মোবাইল): +৯১ ৮১০১২৯৩৮৮৮

**পরিশিষ্ট IV [রুল ৮(১) দ্রষ্টব্য] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)**

যেহেতু, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদি আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে লেখা তারিখে নিম্নবর্ণিত বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণকে এতদ্দারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, তৎসহ দাবি বিজ্ঞপ্তির তারিখ থেকে চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদির প্রেক্ষিতে অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
**সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কে সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।**

| ঋণগ্রহীতা/ জামিনদারের নাম এবং ঠিকানা | ক) বিজ্ঞপ্তির তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের (প্রতীকী) তারিখ |
|---|---|
| **১. মেসার্স পঙ্কজ ট্রেডার্স** লালতলা, শিবমন্দিরের কাছে, সাদিপুর, টুঙ্গিদিঘি, থানা– করণদিঘি, উত্তর দিনাজপুর, পশ্চিমবঙ্গ–৭৩৩২১৫ **২. মিঃ পঙ্কজ মাহাতো** পিতা– চৌধরী মাহাতো পঙ্কজ ট্রেডার্সের প্রোপ্রাইটর নিবাস: লালতলা, সাদিপুর, টুঙ্গিদিঘি, থানা– করণদিঘি, উত্তর দিনাজপুর, পশ্চিমবঙ্গ–৭৩৩২১৫ | ক) **₹৭২,৬০,৭৬১.৫০,** লোন অ্যাকাউন্ট নং ৯২৪০৩০০৩০৫৪১০২৯–এর প্রেক্ষিতে ২৫.০৭.২০২৫ অনুযায়ী বকেয়া (এর মধ্যে ০৫.০৬.২০২৫ অবধি সুদ ধরা আছে) খ) **২৯.০৭.২০২৫** গ) **০৫.০২.২০২৬ (প্রতীকী)** |

**স্থাবর সম্পত্তির বিবরণ**

সামান্য কমবেশি ৩০ ডেসিমেল জমি (এর মধ্যে ১০ ডেসিমেল 'বাস্তু' এবং ২০ ডেসিমেল 'গোডাউন'), তৎসহ এর উপরিস্থিত বিল্ডিংয়ের যৌথ এলাকা, ওয়াটার ক্লোজেট, ড্রেনেজ, ল্যাভাটোরি ও অপরাপর সুযোগ–সুবিধা (উক্ত ফ্ল্যাট/ ইউনিট/ অফিস প্রেমিসেস সম্পর্কিত, বর্তমান ও ভবিষ্যতের) ভোগদখলের সমানাধিকার যার স্থিতি ও বিবরণ: এল আর প্লট নং ৪২১, এল আর খতিয়ান নং ১১৯৩, জে এল নং ১৮০, মৌজা– ভাগসালা, তৎসহ বর্তমান ও ভবিষ্যতে এই জমির যাবতীয় এজমালি অধিকার, তৎসহ এর উপরিস্থিত যাবতীয় ফিক্সচার ও ফিটিংস ব্যবহারের সমানাধিকার।

তারিখ: ০৯.০২.২০২৬
স্থান: টুঙ্গিদিঘি

অনুমোদিত আধিকারিক
অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড

## পিলানি ইনভেস্টমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড

CIN: L24131WB1948PLC095302; ওয়েবসাইট: www.pilaniinvestment.com; ই–মেল: pilani@pilaniinvestment.com
রেজিস্টার্ড অফিস: বিড়লা বিল্ডিং, ৯/১, আর এন মুখার্জি রোড, কলকাতা–৭০০০০১; ফোন: ০৩৩ ৪০৮২৩৭০০/ ২২২০০৬০০

**৩১ ডিসেম্বর, ২০২৫ সমাপ্ত ত্রৈমাসিক ও নয় মাসের স্বতন্ত্র ও পুঞ্জীভূত অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্তসার**

(শেয়ার প্রতি তথ্য বাদে লক্ষ টাকার অঙ্কে)

| বিবরণ | স্বতন্ত্র | | | | | পুঞ্জীভূত | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | সমাপ্ত ত্রৈমাসিক | | সমাপ্ত নয় মাস | | সমাপ্ত বছর | সমাপ্ত ত্রৈমাসিক | | সমাপ্ত নয় মাস | | সমাপ্ত বছর |
| | ৩১–ডিসেম্বর–২৫ (অনিরীক্ষিত) | ৩১–ডিসেম্বর–২৪ (অনিরীক্ষিত) | ৩১–ডিসেম্বর–২৫ (অনিরীক্ষিত) | ৩১–ডিসেম্বর–২৪ (অনিরীক্ষিত) | ৩১–মার্চ–২৫ (নিরীক্ষিত) | ৩১–ডিসেম্বর–২৫ (অনিরীক্ষিত) | ৩১–ডিসেম্বর–২৪ (অনিরীক্ষিত) | ৩১–ডিসেম্বর–২৫ (অনিরীক্ষিত) | ৩১–ডিসেম্বর–২৪ (অনিরীক্ষিত) | ৩১–মার্চ–২৫ (নিরীক্ষিত) |
| কারবার থেকে মোট রাজস্ব | ৫,৮৭৮.৫৪ | ৬,০৮৬.২৩ | ২৪,৪৭২.৮৬ | ২৬,৩২৩.১৮ | ৩১,৮২৬.৮০ | ৫,৯৬০.৩২ | ৬,০৯৩.৫৭ | ২৩,৮৭৬.৫৭ | ২৪,৫৫১.৩৬ | ৩০,২১৪.১২ |
| সংশ্লিষ্ট মেয়াদে নেট মুনাফা (কর এবং ব্যতিক্রমী দফার আগে) | ১,৩১১.৭৮ | ৩,৭০৭.৯৫ | ৯,৫৩৫.৩৬ | ১৯,৭৯০.৯৯ | ২২,১৭০.৫৫ | ১,৩২৯.৭৩ | ৩,৭১৩.৩৯ | ৮,৮৭১.৬২ | ১৮,০১২.৭৩ | ২০,৪৪৯.১৬ |
| সংশ্লিষ্ট মেয়াদে নেট মুনাফা (করের আগে কিন্তু ব্যতিক্রমী দফার পরে) | ১,৩১১.৭৮ | ৩,৭০৭.৯৫ | ৯,৫৩৫.৩৬ | ১৯,৭৯০.৯৯ | ২২,১৭০.৫৫ | ১,৩২৯.৭৩ | ৩,৭১৩.৩৯ | ৮,৮৭১.৬২ | ১৮,০১২.৭৩ | ২০,৪৪৯.১৬ |
| সংশ্লিষ্ট মেয়াদে নেট মুনাফা (কর এবং ব্যতিক্রমী দফার পরে) | ৯৭১.৪৩ | ২,৬৭৬.২৪ | ৭,১০৪.৫৬ | ১৫,১৫৩.৪৬ | ১৬,৯৪০.৬১ | ৯৮৫.৭১ | ২,৬৮০.৫৪ | ৬,৪২২.৫৬ | ১৩,৩৫৮.১৩ | ১৫,১৮৭.৭০ |
| সংশ্লিষ্ট মেয়াদে মোট বোধগম্য আয় [সংশ্লিষ্ট মেয়াদে কর–পরবর্তী মুনাফা/(ক্ষতি) এবং কর–পরবর্তী অন্যান্য বোধগম্য আয় ধরে] | ৫৮,৮৭৬.০১ | (১৪৯,২৪৮.৯৯) | ১৬৪,৪২৬.৮১ | ১০৮,০৮২.১৪ | ১৪৩,৯৬২.১৪ | ৫৫,৭৩৭.৯২ | (১৫০,১৯৩.৯৯) | ১৫৮,৫৩৯.৫৪ | ১১০,৫১২.৭২ | ১৩৯,৩১০.৫৭ |
| আদায়ীকৃত ইকুইটি শেয়ার মূলধন (প্রতিটির অভিহিত মূল্য ₹১০/–) | ১,১০৭.২৩ | ১,১০৭.২৩ | ১,১০৭.২৩ | ১,১০৭.২৩ | ১,১০৭.২৩ | ১,১০৭.২৩ | ১,১০৭.২৩ | ১,১০৭.২৩ | ১,১০৭.২৩ | ১,১০৭.২৩ |
| অন্যান্য ইকুইটি | | | | | ১,৫০৬,৭৩৮.৫৪ | | | | | ১,৫৯৬,৯০১.৪৪ |
| ₹১০/– মূল্যের প্রতিটি শেয়ার পিছু আয় (বার্ষিকীকৃত নয়) (ক) বুনিয়াদি – (₹) | ৮.৭৭ | ২৪.১৭ | ৬৪.১৭ | ১৩৬.৮৬ | ১৫৩.০০ | (১৩.০০) | ১২.০৭ | ২৩.৭৬ | ১১১.৬১ | ৮৮.৯৫ |
| (খ) মিশ্রিত – (₹) | ৮.৭৭ | ২৪.১৭ | ৬৪.১৭ | ১৩৬.৮৬ | ১৫৩.০০ | (১৩.০০) | ১২.০৭ | ২৩.৭৬ | ১১১.৬১ | ৮৮.৯৫ |

**দ্রষ্টব্য:**
১. উপরিলিখিত বিবৃতিটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫–এর রেগুলেশন ৩৩ অনুসারে স্টক এক্সচেঞ্জসমূহে পেশ করা স্বতন্ত্র ও পুঞ্জীভূত অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ বয়ানের সংক্ষিপ্তসার। স্বতন্ত্র ও পুঞ্জীভূত অনিরীক্ষিত আর্থিক ফলাফলগুলির পূর্ণ বয়ান স্টক এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইট অর্থাৎ, **www.bseindia.com** ও **www.nseindia.com**–সহ কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ, **www.pilaniinvestment.com**–তেও উপলব্ধ রয়েছে। নিচের কিউ আর কোড স্ক্যান করেও তা পাওয়া যেতে পারে।

পিলানি ইনভেস্টমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড
–এর পরিচালকমণ্ডলীর জন্য ও তরফে
স্বাঃ–
দেবেন্দ্র কুমার মন্ত্রী
ডিরেক্টর
DIN: 00075664

স্থান: কলকাতা
তারিখ: ৭ ফেব্রুয়ারি, ২০২৬